# NETAJI SUBHAS OPEN UNIVERSITY

DEPARTMENT OF CONTROLLER OF EXAMINATIONS

134/1, Meghnad Saha Sarani Kolkata-700029

☎: 2465-6936; Fax: 2463-0293


Memo No. : COE/122/21 Date: 28/09/2021

# বিজ্ঞপ্তি

## Online BDP Term End Theory Examinations December 2020 & June 2021 বিষয়ক নির্দেশাবলী

সকল পরীক্ষার্থীদের জানানো হচ্ছে যে **Online BDP Term End (Theory and Practical) Examinations December 2020 & June 2021** শুরু হবে **03.10.2021 রাত 11:55 মিনিটে এবং শেষ হবে 10.10.2021 রাত 11:55 মিনিটে।** পরীক্ষার্থীগণ নিজেদের সুবিধা মতো (উল্লিখিত সময়ের মধ্যে) যে কোনো সময় পরীক্ষা দিতে পারবেন।

পরীক্ষার্থীদের নিম্নলিখিত বিষয়গুলি যথাযথভাবে অনুসরণ করতে অনুরোধ করে হচ্ছে ঃ-

১. যে পরীক্ষার্থীগণ সমস্ত প্রাক পরীক্ষার শর্তাবলী (যেমন – Online Assignment জমা দেওয়া, পূরণ করা পরীক্ষার ফর্ম জমা দেওয়া fees জমা দেওয়া ইত্যাদি) যথাযথ ভাবে সম্পন্ন করেছেন, শুধুমাত্র সেই শিক্ষার্থীগণ **Online BDP Term End (Theory and Practical) Examinations December 2020 & June 2021** পরীক্ষায় অংশ নিতে পারবেন।

২. উল্লিখিত পরীক্ষার 'Admit Card' পরীক্ষার্থীরা একটি নির্দিষ্ট Portal (**www.nsoucebdp.com/www.wbnsou.ac.in**) থেকে পাবেন।

৩. পরীক্ষার্থীরা সক্রিয় ডেটা সংযোগ যুক্ত **স্মার্টফোন, ট্যাব (ট্যাবলেট পি সি), ল্যাপটপ অথবা ডেস্কটপ কম্পিউটারের** মাধ্যমে উল্লিখিত পরীক্ষায় অংশ নিতে পারবেন।

**কিন্তু কোনো পরীক্ষার্থী কখনোই একইসঙ্গে একাধিক ডিভাইসের সঙ্গে সংযুক্ত থেকে পরীক্ষা দিতে পারবেন না।**

৪. উল্লিখিত পরীক্ষার জন্য আরও একটি সুনির্দিষ্ট **Portal** ব্যবহার করতে হবে। **(https://bdpjun21.nsou.smartestexam.com/)** - পরীক্ষার্থীগণ **enrolment নম্বর ও জন্মতারিখ** এবং রোল নম্বর **(Admit Card** এবং **Enrolment Certificate cum Identity Card** অনুযায়ী) লিখে এই **Portal**-এ login করতে পারবেন। **Login** করার সময় পরীক্ষার্থীগণ যে Phone number বা Email address দেবেন, সেই **Phone number** বা **Email address**-এ **OTP** যাবে। **Admit Card এবং Enrolment Certificate cum Identity Card**-এ **লিখিত তথ্য গোপন রাখা আবশ্যিক।**

৫. এই **Portal**-টি **03.10.2021 রাত 11:55 মিনিট** থেকে খোলা হবে এবং **10.10.2021 রাত 11:55 মিনিটে** বন্ধ করা হবে (7 দিন 24 ঘন্টার জন্য)।

৬. পরীক্ষার্থীদের পরীক্ষা শুরুর দিন (03.10.2021 রাত 11:55 মিনিট) থেকে নির্দিষ্ট সময়ের (7 দিন 24 ঘন্টার জন্য) মধ্যে Admit Card-এ উল্লিখিত পত্রগুলির পরীক্ষা দিতে হবে।

৭. শুধুমাত্র Practical Paper-এর Question Bank/Instruction Sheet 27.09.2021 তারিখে NSOU-এর নিজস্ব website-এ দেওয়া হবে।

৮. পরীক্ষার্থীগণ যে কোনো সময়ে (নির্দিষ্ট সময়সীমার মধ্যে) পছন্দ মতো যে কোনো বিষয়ের পরীক্ষা দিতে পারবেন। তবে একটি পত্র সম্পূর্ণ করে submit করার পরই পরীক্ষার্থী অন্য পত্র উত্তর করার সুযোগ পাবেন।

৯. এই পরীক্ষার জন্য **MCQ** পদ্ধতি অনুসরণ করা হবে।

১০. পরীক্ষার্থীদের যথাযথ জায়গায় টিক (✓) দিয়ে প্রশ্নের উত্তর দিতে হবে।

১১. পরীক্ষার্থীরা একটি নির্দিষ্ট পত্রের জন্য 3 **ঘন্টা** (যদি পূর্ণ নম্বর 100 হয়) এবং 2 **ঘন্টা** (যদি পূর্ণ নম্বর 50 হয়) সময় পাবেন। তারপর সংশ্লিষ্ট পত্রের সময়সীমা শেষ হয়ে যাবে।

১২. একটি নির্দিষ্ট পত্রের জন্য 100 নম্বরের পরিবর্তে, পরীক্ষার্থীদের 20 টি 1 নম্বরের প্রশ্নের উত্তর দিতে হবে এবং ঐ 20 নম্বরের মান 100 নম্বরের মানের সমান বলে ধরে নেওয়া হবে। যেখানে পূর্ণ নম্বর 50, পরীক্ষার্থীদের 10 টি 1 নম্বরের প্রশ্নের উত্তর দিতে হবে এবং ঐ 10 নম্বরের মান 50 নম্বরের মানের সমান বলে ধরে নেওয়া হবে।

১৩. একটি পত্রের সব প্রশ্ন একসঙ্গে দেওয়া হবে না। অর্থাৎ পরীক্ষার্থীগণ কোন একটি পত্রের সমস্ত প্রশ্ন একসঙ্গে দেখতে পাবেন না। একটি প্রশ্ন উত্তর দেওয়ার পরই পরের প্রশ্নের সম্মুখীন হওয়া যাবে। পরের প্রশ্নে যাওয়ার জন্য আগের উত্তর 'submit' করতে হবে। পরবর্তী প্রশ্নগুলির জন্যও একই পদ্ধতি অনুসরণ করতে হবে।

১৪. এই পরীক্ষায় যদি কোনো পরীক্ষার্থী কোনও প্রশ্নের উত্তর দিতে না পারেন এবং প্রশ্নটি এড়িয়ে যেতে চান, তিনি প্রশ্নের উত্তর না দিয়েই "submit" করে পরের প্রশ্নের মুখোমুখি হতে পারেন। কিন্তু সেক্ষেত্রে তিনি ঐ প্রশ্নের পরিবর্তে কোনও বিকল্প প্রশ্ন পাবেন না।

১৫. এই পরীক্ষায় একবার উত্তর 'submit' করার পর, এটি আর পরিবর্তন / সংশোধন করা যাবে না এবং কোনোভাবেই আগের অবস্থানে ফিরে আসা যাবে না।

১৬. এই পরীক্ষায় negative marking থাকবে না।

১৭. পরীক্ষার্থীগণ 100 নম্বরের একটি নির্দিষ্ট পত্রের জন্য 9 (নয়) বার 'বিরতি' (pause) এবং 50 নম্বরের একটি নির্দিষ্ট পত্রের জন্য 4 (চার) বার 'বিরতি' (pause) পাবেন। এই বিরতির (pause) সময়টুকু মূল পরীক্ষার সময়কালের মধ্যে অন্তর্ভুক্ত করা হবে না। এবং বিরতির আগে পরীক্ষার্থীর 'submit' করা উত্তর যথারীতি সংরক্ষিত (saved) থাকবে। যে কোনও বিরতির পর কোনো পরীক্ষার্থী পুনরায় login করে পরীক্ষায় যোগ দিতে পারবেন, তবে আগের প্রশ্নের পরিবর্তে তিনি একই পত্রের একটি নতুন প্রশ্ন পাবেন। সমস্ত বিরতির (pause) সুযোগ নেওয়ার পর 'সময় শেষ' বলে ধরে নেওয়া হবে। সেক্ষেত্রে পরীক্ষার্থীগণ আর সংশ্লিষ্ট পত্রের উত্তর দেবার সুযোগ পাবেন না। **পরীক্ষার্থী pause নেওয়ার সময় যে ডিভাইসে পরীক্ষা দিচ্ছেন তা কোনোভাবেই Refresh করা যাবেনা।**

১৮. পরীক্ষা শেষ হওয়ার সাত দিন পর কোনো পরীক্ষার্থী পরীক্ষার চালান হিসাবে পরীক্ষার উত্তরপত্র save এবং download করে print copy হাতে পাবেন। তবে মনে রাখতে হবে ঐ "print copy" শুধুমাত্র পরীক্ষার্থীদের ব্যক্তিগত সংরক্ষণের জন্য। **এগুলো কোথাও জমা দেওয়ার কোনো প্রয়োজন নেই।**

১৯. **EMT16** এর দুটি অংশ - একটি তাত্ত্বিক [(Theoretical)/(30 marks)] এবং অন্যটি ব্যবহারিক [(Practical)/ (20 marks)]। তাত্ত্বিক অংশের জন্য 1 নম্বরের 10 টি প্রশ্নের

উত্তর দিতে হবে। এবং ঐ 10 নম্বরের মান 30 (full marks) নম্বরের মানের সমান বলে ধরে নেওয়া হবে। এই পরীক্ষার জন্য পরীক্ষার্থীগণ 1 ঘন্টা সময় পাবেন। 20 নম্বরের ব্যবহারিক পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের 2 নম্বরের 10 টি প্রশ্নের উত্তর দিতে হবে। এই পরীক্ষার সময়সীমাও 1 ঘন্টা। পরীক্ষার্থীরা 30 নম্বরের পরীক্ষার জন্য 4 (চার) বার বিরতি (pause) এবং আরো 20 নম্বরের পরীক্ষার জন্য 4 (চার) বার বিরতি (pause) গ্রহন করতে পারেন।

২০. English old syllabus paper seven **(EEG-7)** এবং paper eight **(EEG-8)** এর পরীক্ষায় কাগজ-কলমের ব্যবহার (pen - paper mode) থাকবে। সেক্ষেত্রে পরীক্ষার্থীদের প্রশ্ন সম্বলিত উত্তরপত্র (Question paper cum Answer Booklet) ওপরে উল্লিখিত পোর্টাল থেকে download করে তার ওপরে **সুনির্দিষ্ট জায়গায়** উত্তর লিখতে হবে। তারপর ঐ লিখিত উওরপত্র scan করে একটি নির্দিষ্ট email address (যা ঐ Question paper cum Answer Booklet এ লেখা থাকবে) -এ ওপরে উল্লিখিত সময়সীমার মধ্যে পাঠাতে হবে। এই পরীক্ষার্থীদের মোট 20 নম্বরের প্রশ্নের উত্তর দিতে হবে এবং ঐ 20 নম্বরের মান 100 নম্বরের মানের সমান বলে ধরে নেওয়া হবে। এই পরীক্ষার প্রতিটি পত্রের সময়সীমা 2 ঘন্টা।

২১. পরীক্ষা চলাকালীন কোন অসাধু উপায় অবলম্বন করলে তা বিশ্ববিদ্যালয়ের e-surveillance ব্যবস্থার মাধ্যমে চিহ্নিত হতে পারে এবং সেক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মান্য করতে হবে।

এ বিষয়ে পরবর্তী কোনো তথ্যাদির জন্য সকল পরীক্ষার্থীদের নিয়মিত NSOU-এর website দেখতে অনুরোধ করা হচ্ছে।

**Helpline number : 9830338974 সময়কাল: সকাল 11:00 টা থেকে বিকেল 5:00 টা**

**তারিখ ঃ 03.10.2021 থেকে 10.10.2021**

**Prepared by**

28/9/21

**Rokeya Ray**
**Controller of Examinations (Acting)**